# অভিনেত্রী মেহজাবীন চৌধুরীর বিরুদ্ধে প্রতারণা মামলায় গ্রেপ্তারি পরোয়ানা



সংগৃহীত ছবি

অভিনেত্রী মেহজাবীন চৌধুরী ও তার ভাই আলিসান চৌধুরীর বিরুদ্ধে প্রতারণা, অর্থ আত্মসাৎ এবং হুমকি-ধামকির অভিযোগে ঢাকার একটি আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে। আদালত সূত্র জানায়, মামলার নির্ধারিত তারিখে হাজির না হওয়ায় নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত-৩ এর বিচারক আফরোজা তানিয়া ১০ নভেম্বর এই নির্দেশ দেন। মামলার কার্যক্রম এগিয়ে নিতে গ্রেপ্তার সংক্রান্ত প্রতিবেদনের জন্য ১৮ ডিসেম্বর নতুন দিন ধার্য করা হয়েছে।

মামলার এজাহারে বলা হয়, বাদীর সঙ্গে দীর্ঘদিনের পরিচয় কাজে লাগিয়ে মেহজাবীন তাকে নতুন পারিবারিক ব্যবসার অংশীদার করার আশ্বাস দেন এবং বিভিন্ন সময়ে নগদ ও বিকাশের মাধ্যমে মোট ২৭ লাখ টাকা নেন। প্রতিশ্রুতি অনুযায়ী ব্যবসার কোনো উদ্যোগ শুরু না হওয়ায় বাদী বারবার পাওনা চাইলে দীর্ঘ সময় ধরে বিভিন্ন অজুহাতে তাকে ঘুরিয়ে রাখা হয়। অভিযোগ অনুযায়ী, এক পর্যায়ে পাওনা দাবি করতে গেলে বাদীকে হাতিরঝিল এলাকার একটি রেস্টুরেন্টে ডাকা হয়, যেখানে মেহজাবীন, তার ভাই এবং আরও কয়েকজন মিলে তাকে অপমানজনক ভাষায় কথা বলেন এবং জীবননাশের হুমকি দেন।

LENS ASIA

ঘটনার পর বাদী ভাটারা থানায় গেলে থানার পক্ষ থেকে তাকে আদালতের আশ্রয় নিতে বলা হয়। পরবর্তীতে আমিরুল ইসলাম নামে ওই ব্যক্তি ফৌজদারি কার্যবিধির ১০৭/১১৭(৩) ধারায় মামলা করেন, যার ভিত্তিতে আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করে।